# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭০৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি সফর থেকে বাড়িতে প্রবেশ করবে, তখন সে কী বলবে তার বিবরণ

ذِكْرُ مَا يَقُولُ الْمَرْءُ عِنْدَ دُخُولِهِ بَيْتَهُ إِذَا رَجَعَ قَافِلًا مِنْ سَفَرِهِ

আরবী

2705 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا خَلَفُ بْنُ هِشَامٍ الْبَزَّارُ قَالَ: حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ عَنْ سِمَاكٍ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَرَادَ أَنْ يَخْرُجَ فِي سَفَرِهِ قَالَ: (اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالْخَلِيفَةُ فِي الْأَهْلِ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الضِّبْنَةِ فِي السَّفَرِ وَالْكَآبَةِ فِي الْمُنْقَلَبِ اللَّهُمَّ اقْبِضْ لَنَا الْأَرْضَ وَهَوِّنْ عَلَيْنَا السَّفَرَ) فَإِذَا أَرَادَ الرُّجُوعَ قَالَ: (آيِبُونَ تَائِبُونَ عَابِدُونَ لِرَبِّنَا سَاجِدُونَ) فَإِذَا دَخَلَ بَيْتَهُ قَالَ: (تَوْبًا تَوْبًا لِرَبِّنَا أوباً لا يغادر علينا حوباً)

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2705 | خلاصة حكم المحدث: حسن - ((صحيح أبي داود)) (2338).

বাংলা

২৭০৫. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফরে বের হওয়ার ইচ্ছা করতেন, তখন বলতেন, اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالْخَلِيفَةُ فِي الْأَهْلِ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الضِّبْنَةِ فِي السَّفَرِ وَالْكَآبَةِ فِي الْمُنْقَلَبِ اللَّهُمَّ اقْبِضْ لَنَا الْأَرْضَ وَهَوِّنْ عَلَيْنَا السَّفَرَ (হে আল্লাহ, আপনি আমার সফরসঙ্গী, পরিবারের তত্ত্বাবধায়ক। হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে সফরের কষ্ট-ক্লেশ, দুঃখজনক পরিণতি থেকে আশ্রয় চাই। হে আল্লাহ, আপনি আমাদের জন্য জমিনকে সংকুচিত করে দিন এবং সফরকে আমাদের উপর সহজ করে দিন)। তিনি ফিরে আসার ইচ্ছা করতেন, তখন বলতেন, آيِبُونَ تَائِبُونَ عَابِدُونَ لِرَبِّنَا سَاجِدُونَ (আমরা প্রত্যাবর্তনকারী, তাওবাকারী, ইবাদতকারী, আমাদের প্রভুর উদ্দেশ্যে সাজদাকারী)। যখন বাড়িতে প্রবেশ করতেন, তখন বলতেন, تَوْبًا تَوْبًا لِرَبِّنَا أوباً لا يغادر علينا حوباً (আমরা

কাছে তাওবা, তাওবা করছি। আমাদের প্রভুর দিকে প্রত্যাবর্তন করছি। তিনি আমাদের কোন গোনাহ অবশিষ্ট না রাখুন)। ”[1]

## ফুটনোট

[1] ইবনুস সুন্নী, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৫৩২; মুসনাদ আহমাদ: ১/২৫৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৩৫৮-৩৫৯; সুনান বাইহাকী: ৫/২৫০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৩৩৮)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92035

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন